

130021 - পবিত্র হওয়ার পর কয়েক ফোঁটা রক্তপাত হওয়া হায়েয হিসেবে গণ্য নয়

প্রশ্ন

আমি রমযান মাসের চারদিন রোযা রেখেছি। এরপর আমার হায়েয শুরু হয়েছে। হায়েযের দিনগুলো শেষ হওয়ার পর আমি পবিত্র হয়েছি এবং রোযা রাখা শুরু করেছি। কিন্তু কয়েক ফোঁটা রক্তপাত হয়ে বন্ধ হয়ে গেছে। যখনই আমি পবিত্র হই ও রোযা রাখি তখনই দ্বিতীয়বার গোটা রমযান রক্তপাত হয়। এ ব্যাপারে সঠিক উত্তর কি?

প্রিয় উত্তর

আপনি প্রশ্নে যেমনটি উল্লেখ করেছেন বাস্তবে যদি সেটাই হয়ে থাকে তাহলে মাসিক থেকে পবিত্র হওয়ার পর রক্তপাত হওয়া হায়েয হিসেবে গণ্য হবে না। কেননা তা চলমান রক্তপাত নয়। তাই সেটি হায়েযের হুকুম গ্রহণ করবে না। আপনার উপর রোযা রাখা ও নামায পড়া এবং প্রত্যেক নামাযের ওয়াজ্ব হলে ওযু করা আবশ্যিক; যেমনটি সকল মুস্তাহাযা ও বিরামহীন পেশাব-পায়াখানা-বায়ু গ্রস্ত রোগীর ক্ষেত্রে প্রযোজ্য। এই দিনগুলোতে আপনার রোযা রাখা সহিহ।

আল্লাহুই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদের উপর, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের উপর আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।[সমাপ্ত]

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন আব্দুল্লাহ্ বিন বায, শাইখ আব্দুল আযিয আলুশ শাইখ, শাইখ সালিম আল-ফাওয়ান, শাইখ বকর আবু যাইদ।

ফাতাওয়াল লাজনাদ দায়িমা, আল-মাজমুআ' আস্ছানিয়া (৯/৮৩)